



## নুরের ওপর হামলার ঘটনায় বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠন, ১৫ দিনের মধ্যে প্রতিবেদন



সংগৃহীত ছবি

গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুরের ওপর হামলার ঘটনায় বিচারপতি মো. আলী রেজার নেতৃত্বে এক সদস্য বিশিষ্ট বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠন করা হয়েছে। আগামীকাল (বুধবার) এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি হবে। কমিটিকে ১৫ দিনের মধ্যে প্রতিবেদন দিতে নির্দেশ দেওয়া হয়েছে।

গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুরের ওপর সাম্প্রতিক হামলার ঘটনায় সরকার এক সদস্য বিশিষ্ট বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠন করেছে। মঙ্গলবার (২ সেপ্টেম্বর) প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম এ তথ্য নিশ্চিত করেন। তিনি জানান, বিচারপতি মো. আলী রেজার নেতৃত্বে গঠিত এই কমিটি আগামী ১৫ দিনের মধ্যে তদন্ত প্রতিবেদন জমা দেবে।

এদিন রাজধানীর রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে নুরের স্ত্রী মারিয়া আক্তারের সাক্ষাতের সময় আইন উপদেষ্টা আনুষ্ঠানিকভাবে বিষয়টি জানান। এ সময় উপস্থিত ছিলেন পরিবেশ উপদেষ্টা রিজওয়ানা হাসান, গৃহায়ণ ও গণপূর্ত উপদেষ্টা আদিগুর রহমান খান, গণঅধিকার পরিষদের সাধারণ সম্পাদক রাশেদ খান এবং সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক হাসান আল মামুন।

আইন বিশেষজ্ঞ আসিফ নজরুল জানান, “নুরের ওপর হামলার ঘটনায় বিচারপতি আলী রেজার নেতৃত্বে এক সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি কাজ শুরু করছে। আগামীকাল গেজেট প্রকাশের পরপরই কার্যক্রম শুরু হবে এবং ১৫ দিনের মধ্যে রিপোর্ট দেবে।”

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বলেন, “নুরের ওপর হামলার ঘটনায় আমরা সবাই গভীরভাবে মর্মান্বিত। তার সুচিকিৎসা নিশ্চিত করা হয়েছে এবং বিচার বিভাগীয় তদন্তও শুরু হয়েছে।”

উল্লেখ্য, গত শুক্রবার রাজধানীর কাকরাইলে জাতীয় পার্টি ও গণঅধিকার পরিষদের নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষ হয়। জাতীয় পার্টির কার্যালয়ের সামনে দিয়ে গণঅধিকার পরিষদের একটি মিছিল যাওয়ার সময় সংঘর্ষ বাধে। এ সময় আইনশৃঙ্খলা বাহিনীর লাঠিপেটায় নুরুল হক নুর গুরুতর আহত হন। বর্তমানে তিনি ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন আছেন।